বাস্তবে জিহাদের ব্যাপারটা এ রকমই। শরীয়াতের এই অখন্ডনীয় বিধান কেউ সরাসরি অস্বীকার করতে পারে না। তাই দূরের কোন জায়গায় জিহাদ হলে সেটার জন্য গলাবাজি করা অনেক মানুষ পাওয়া যায়। কিন্তু যখনি তা নিজে আমল করার ব্যাপার হয়ে যায়, তখন শুরু হয় নানা রকম অযুহাত আর নিত্য-নতুন শর্ত আরোপের মাধ্যমে নিজের এলাকায় জিহাদ নাজায়েজ প্রমাণ করার প্রাণান্তকর চেষ্টা।

মুফতী সাহেব এর অবগতির জন্য জানাতে চাই, আপনি ভালোভাবে খুজলে

ফিলিস্তিন কিংবা আফগানিস্তানের জিহাদের বিপক্ষে ফতোয়া দেনেওয়ালা কয়েক ডজন মুফতী সাহেবকেও পাবেন!!

২। একই পোষ্টে মুফতী লুৎফর ফরায়জী সাহেব লিখেছেনঃ

"আমরাঃ তাহ*লে আপ*নি বল*তে চান এ দে*শে সবার উপর জিহাদ ফরজ? সরকার উৎখাত এবং দেশীয় আইন আদাল*তের বিরু*দ্ধে সশস্ত্র সংগ্রাম করা আমা*দের উপর ফরজ?"

আবার 'বাংলাদেশে কি জিহাদ করা ফরজ হয়ে গেছে?' শিরোনামে এক প্রশ্ন-উত্তরে তিনি লিখেছেনঃ

"দারুল হরবে সবার উপর জিহাদ ফরজ হয়। দারুল আমান বা দারুল ইসলামে নয়। আর বাংলাদেশ দারুল ইসলাম না হলেও দারুল আমান। তাই বাংলাদেশে জিহাদ ফরজ হয়ে গেছে, শসস্ত্র জিহাদে নামতে হবে বলা বিশৃংখা সৃষ্টি আর দ্বীনের অপব্যাখ্যা ছাড়া আর কিছু নয়। বাংলাদেশ দারুল আমান। তাই এখানে শসস্ত্র জিহাদ বর্তমানে করা জায়েজ নয়"।

আশ্চর্য্যের ব্যাপার হচ্ছে, এত বড় মুফতি সাহেব (!!) হয়েও তিনি দারুল আমানে তথা বাংলাদেশে 'সশস্ত্র জিহাদ বর্তমানে জায়েজ নয়' – ধরনের অনেক বড় দাবী করলেও এর স্বপক্ষে একটিও দলীল পেশ করেন নি।

বরং, কোন মুসলমানকে কাফের বলা জায়েজ নয়, কাফের বলার ক্ষেত্রে উসূল এর জন্য কিছু দলীল উল্লেখ করে দায়িত্ব শেষ করেছেন!! অথচ, প্রশ্ন-উত্তরের মূল বিষয় 'বাংলাদেশে এখন জিহাদ জায়েজ নয়' – এই ব্যাপারে একটিও দলীল দেয়ার সুযোগ পান নাই। আজব এক মুফতী! আর আজব তার ফতোয়া!!

মুফতী সাহেবকে বলবোঃ যেকোন দাবী করলে দাবীকারীকেই দলীল দিতে হবে। তাই, বাংলাদেশে কোন কোন দলীলের ভিত্তিতে জিহাদ জায়েজ নয় – তা পরিষ্কারভাবে উল্লেখ করুন নতুবা দলীল-বিহীন এই দাবী পরিত্যাগ করে, এদেশের মুসলিম জনগণকে বিভ্রান্ত করার জন্য সকলের কাছে ক্ষমা চেয়ে নিন।

৩। মুফতী ফরায়জী সাহেব এর কথাগুলো দেখে বুঝা যায়, তিনি এই ধারনা করছেন যে, বাংলাদেশ কিংবা অন্যান্য দেশকে দারুল হারব মনে করায় মুজাহিদ উলামাগণ এসব জায়গায় জিহাদের কথা বলছেন। যেমনঃ শাইখ জসীম উদ্দিন

রাহমানী (আল্লাহ তাঁর মুক্তি ত্বরান্বিত করুন) এর ব্যাপারে মুফতী সাহেব একটি কাল্পনিক কথোপকথনের মধ্যে লিখেছেনঃ

“আমা*দের নেতা জসীমুদ্দীন রহমানী সশস্ত্র সংগ্রা*মের মাধ্য*মে এ কুফরী সরকার উৎখাত ক*রে ইসলামী হুকুমত কা*য়ে*মের ডাক দি*য়ে*ছেন। এ দারুল হরব*কে দারুল ইসলাম প্র*তিষ্ঠা করার ডাক”।

এই ব্যাপারে আমরা মুফতী ফরায়জী সাহেব এর জ্ঞাতার্থে বলতে চাই, মুজাহিদ উলামাগণ বর্তমানে জিহাদ ফরজে আইন হবার কারণ হিসেবে মূলতঃ দুইটি কারণ উল্লেখ করেন।

এক। বিভিন্ন মুসলিম ভূমিতে আগ্রাসী কাফির শক্তির আগ্রাসন। আর এর প্রতিরক্ষায় আক্রান্ত এলাকার মুসলিমরা অপারগ হলে কিংবা অনীহা প্রদর্শন করলে ধীরে ধীরে দুনিয়ার সকল মুসলিমদের উপর ঐ দখলকৃত ভূমি পুনরুদ্ধার করা ফরজে আইন হয়ে যায়। এই ব্যাপারে সালাফদের ইজমা উল্লেখ আছে। চার মাজহাবই এ ব্যাপারে একমত।

এই ব্যাপারে ইবনে তাইমিয়া (রঃ) বলেনঃ

إذا دخل العدو بلاد الإسلام فلا ريب أنه يجب دفعه على الأقرب فالأقرب، إذ بلاد الإسلام كلها بمترلة البلدة الواحدة، و أنه يجب النفير اليه بلا إذن والد ولاغريم

‘এতে কোন সন্দেহ নেই যে শত্রু কোন কোন মুসলিম এলাকায় প্রবেশ করে, তাহলে ঐ এলাকার বাসিন্দাদের, ক্রমান্বয়ে তাদের নিকটবর্তী এলাকার বাসিন্দাদের উপর তার প্রতিরক্ষা করা ওয়াজিব হয়ে যায়, কারণ মুসলিমদের ভুমিগুলো হলো একটি ভূমির মতো। তাই এক্ষেত্রে পিতা-মাতা অথবা ঋণদাতার নিকট থেকে অনুমতি ছাড়াই (জিহাদে) বের হয়ে যাওয়া ওয়াজিব। (ফাতাওয়া আল কুবরা, ৪/৬০৮)

আর এটা তো সবাই জানে যে, কর্ডোভা থেকে শুরু করে দিল্লী, ফিলিস্তিন, আফগানিস্তান ইত্যাদি কয়েক ডজন মুসলিম ভূমি কাফিররা দখল করে নিয়েছে। এগুলো এখনো উদ্ধার করা সম্ভব হয়নি। এই ব্যাপারে আপনি মুজাহিদ শাইখ আব্দুল্লাহ আজ্জাম (রঃ) রচিত ‘মুসলিম ভূমির প্রতিরক্ষা’ বইটি দেখতে পারেনঃ লিংকঃ https://archive.org/details/Kklkkkk

.

যদি আপনি আপনার দাবীতে সত্যবাদি হয়ে থাকেন, তাহলে আপনি এখন প্রমাণ করেন যে, একমাত্র ইসরাইল ছাড়া অন্য কোন দেশে চার মাজহাবের ঐক্যমতের এই ফতোয়ার উপর আমল জায়েজ নয়।

দুই। কোন শাসকের মধ্যে সুস্পষ্ট কুফরী দেখা গেলে (কুফরুন বাওয়াহ) তাকে অপসারণ করা, তার বিরুদ্ধে রুখে দাঁড়ানোর কথাও উলামাদের ইজমাতে উল্লেখ আছে।

কোন শাসকের মধ্যে প্রকাশ্য কুফরী দেখলে করণীয় এর ব্যাপারে ইজমা উল্লেখ করে ইমাম নববী (রঃ) বলেছেন,

قال القاضي عياض أجمع العلماء على أن الإمامة لا تنعقد لكافر وعلى أنه لو طرأ عليه الكفر انعزل قال وكذا لو ترك إقامة الصلوات والدعاء إليها قال وكذلك عند جمهورهم البدعة قال وقال بعض البصريين تنعقد له وتستدام له لأنه متأول قال القاضي فلو طرأ عليه كفر وتغيير للشرع أو بدعة خرج عن حكم الولاية وسقطت طاعته ووجب على المسلمين القيام عليه وخلعه ونصب أمام عادل أن أمكنهم ذلك فإن لم يقع ذلك الا لطائفة وجب عليهم القيام بخلع الكافر ولا يجب في المبتدع إلا إذا ظنوا القدرة عليه فإن تحققوا العجز لم يجب القيام وليهاجر المسلم عن أرضه إلى غيرها ويفر بدينه

“কাযী ইয়াজ (রঃ) বলেন, ‘এ ব্যাপারে আলেমদের ইজমা রয়েছে যে, কাফিরের হাতে নেতৃত্ব দেয়া যাবে না; সুতরাং তার থেকে যদি কুফরী প্রকাশ পায়, তাহলে তাকে অপসারণ করতে হবে।’” .....

কাযী ইয়াজ (রঃ) আরো বলেন, “সুতরাং তার থেকে কোন কুফরী বা শরীয়াহ পরিবর্তন বা বিদয়াত প্রকাশ পেলে, সে তার দায়িত্ব থেকে খারিজ হয়ে গেল এবং তার আনুগত্যের হক সে হারালো; আর এ অবস্থায় মুসলমানদের জন্য ওয়াজিব যে, তারা তার বিরুদ্ধে রুখে দাঁড়াবে, তাকে অপসারণ করবে এবং একজন ন্যায়পরায়ণ শাসক নিয়োগ করবে যদি তাদের পক্ষে সম্ভব হয়। আর যদি একদল মানুষ ছাড়া অন্য কারো পক্ষে এটি সম্ভব না হয় তবে ঐ দলটিকে রুখে দাঁড়াতে

হবে এবং ঐ কাফিরকে অপসারণ করতে হবে। তবে বিদ'আতীর ক্ষেত্রে এটি আবশ্যক নয় যদি না তারা মনে করে যে তারা এটি করতে সক্ষম। অর্থাৎ যদি সত্যিই অক্ষমতা বিরাজ করে তাহলে বিদ্রোহ করা আবশ্যক নয়, তবে মুসলমানদেরকে ঐ এলাকা থেকে অন্য কোথাও তাদের দ্বীন নিয়ে হিজরত করতে হবে।" (সঃ)হীহ মুসলিম বি শারহুন নববী, কিতাবুল ইমারাহ ১২/২২৮)

আল্লামা বদরুদ্দীন আইনী আল হানাফী (রঃ) বলেছেনঃ

وقال الداودي الذي عليه العلماء في أمراء الجور أنه إن قدر على خلعه بغير فتنة ولا ظلم وجب وإلا فالواجب الصبر وعن بعضهم لا يجوز عقد الولاية لفاسق ابتداء فإن أحدث جورا بعد أن كان عدلا اختلفوا في جواز الخروج عليه والصحيح المنع إلا أن يكفر فيجب الخروج عليه

দাউদী (রঃ) বলেছেন, আলেমরা এ ব্যাপারে একমত যে, শাসক জালেম হলে যদি সামর্থ থাকে ফিতনা ও জুলুম ছাড়া তাকে অপসারণ করার তাহলে তা ওয়াজিব। তা না হলে ধৈর্য্য ধরা ওয়াজিব। অন্যরা বলেছেন, ফাসিক ও বিদয়াতীর কাছে নেতৃত্ব দেয়া যাবে না। যদি সে প্রথমে ন্যায়পরায়ণ থাকে ও পরে বিদয়াত ও জুলুম করে তবে তার অপসারণ ও বিরুদ্ধাচারণের ব্যাপারে মতভেদ হয়েছে। সঠিক মত হচ্ছে, তা না করা যতক্ষণ না সে কুফরী করে। তখন তাকে অপসারণ ও তার বিরুদ্ধাচারণ করা ওয়াজিব হয়ে যায়। (উমদাতুল ক্বারী শরহে সহীহুল বুখারী, কিতাবুল ফিতান, ৩০/১১০)

.আর এই ইজমা ইবনে হাজার (রঃ) বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, এ ব্যাপারে ইবনে বাত্তাল (রঃ), ইবনে তীন (রঃ), দাউদী (রঃ) প্রমুখও ইজমা উল্লেখ করেছেন। ইবনে হাজার (রঃ) বলেন,

وملخصه أنه ينعزل بالكفر إجماعا " فيجب على كل مسلم القيام في ذلك، فمن قوي على ذلك فله الثواب، ومن داهن فعليه الإثم، ومن عجز وجبت عليه الهجرة من تلك الأرض

"সারমর্ম হলো তাকে তার কুফরীর কারণে অপসারণ করতে হবে, এ ব্যাপারে ইজমা রয়েছে। সুতরাং প্রতিটি মুসলমানকে এই উদ্দেশ্যে রুখে দাঁড়াতে হবে, যার

এই কাজ করার শক্তি আছে তার জন্য রয়েছে সওয়াব, যে এটা অবহেলা করবে সে গুনাহগার হবে, আর যে এতে অসমর্থ তার জন্য ওয়াজিব হবে ঐ এলাকা থেকে হিজরত করা।" (ফাতহুল বারী, কিতাবুল ফিতান, ১৩/১২৩)

আর আপনি নিজে বাংলাদেশকে 'দারুল আমান' মনে করেন, যে 'দারুল আমানের' সংজ্ঞা আপনি এভাবে দিয়েছেন যে,

"অন্যান্য ধর্মাবলম্বীরাও স্বীয় ধর্ম পালনে স্বাধীন। কোন ধর্ম পালনেই রাষ্ট্র পক্ষ থেকে কোন বিধি-নিষেধ নেই। তবে আইন চলে মানবরচিত আইন বা কুফরী আইন। তাহলে উক্ত রাষ্ট্রের নাম হবে দারুল আমান"।

অর্থাৎ, আপনি নিজেও সুস্পষ্টভাবে স্বীকার করেন যে, বাংলাদেশ মানবরচিত কুফরী আইন দ্বারা পরিচালিত হয়। এর এর বিভিন্ন কুফরী চক্ষুস্মান সকলের কাছেই সুস্পষ্ট। এ রকম স্পষ্ট কুফর বা কুফরুন বাওয়াহ এর ক্ষেত্রে উলামাগণ ইজমা উল্লেখ করেছেন যে, এ রকম শাসকদেরকে হটাতে হবে। এই ব্যাপারে শাইখ আব্দুল ক্বাদির ইবনে আব্দুল আজিজ (ফাঃ আঃ) রচিত 'আল উমদাহ ফিল ইদাদ আল উদ্দাহ' কিতাবের 'জিহাদের ব্যাপারে মৌলিক নীতিমালা' অধ্যায়ে বিস্তারিত আলোচনা আছে। বইটির লিংক

http://shamela.ws/rep.php/book/৩৯৮৮

.

যদি আপনি আপনার দাবীতে সত্যবাদি হয়ে থাকেন, তাহলে আপনি এখন প্রমাণ করেন যে, একমাত্র ইসরাইল রাষ্ট্র ছাড়া পৃথিবীর অন্য কোন দেশে উপরে উল্লেখিত ইজমার উপরও আমল জায়েজ হবে না।

উপরুক্ত বইগুলো পড়লে আপনি বুঝতে পারবেন যে, বাংলাদেশ দারুল হরব নাকি দারুল আমান এর উপর ভিত্তি করে আমাদের উপর জিহাদ ফরজ হয় না। মুজাহিদ উলামাগণ 'দ্বার' এর হুকুম এর উপর ভিত্তি করে জিহাদের ফরজিয়াতের কথা বলেন না।

বরং বাস্তব সত্য হচ্ছে এই যে, মুসলিম ভূমির প্রতিরক্ষার ফরজটি সকল প্রকার দ্বারের অধিবাসীদের জন্যই ইজমা অনুযায়ী ফরজ হবে। আর শাসক 'কুফরুন

বাওয়াহ' করলে সেটা দারুল ইসলাম হলেও তাকে অপসারণ করা ওয়াজিব হবে। এগুলো উম্মাতের উলামায়ে কেরামের ইজমা।

শাইখ জসীম উদ্দিন রাহমানী (ফাঃ আঃ)-ও বিভিন্ন বয়ানে উপরুক্ত কারণগুলো উল্লেখ করে জিহাদ ফরজ এর কথা এ দেশের মানুষকে বারংবার স্মরণ করিয়ে দিয়েছেন। এর বাইরেও তিনি শাতিমুর রাসুল (সাঃ)-দের হত্যা করার জন্যও মুসলিম যুবকদেরকে উৎসাহিত করেছেন। যা সালাফে সালেহীনদের বক্তব্য ও আ'মলের সাথে সম্পূর্ণভাবে সামঞ্জস্যপূর্ণ। আল্লাহ শাইখকে দুনিয়া ও আখিরাতে যথাযথ প্রতিদান দিন। আর শাতেমুর রাসুল (সাঃ)-দেরকে হত্যা করার জিহাদকে আপনি নিজেও অস্বীকার করবেন বলে, আমাদের মনে হয় না। কারণ এটাও জমহুর উলামাদেরই মতামতের উপর আ'মল।

উপরুক্ত কারণগুলোর ভিত্তিতে মুজাহিদ আলেমগণ বাংলাদেশসহ সকল দেশে সশস্ত্র জিহাদ ফরজ বলে উল্লেখ করেন। আর দলীল হিসেবে আমরা উলামাদের ইজমার কথা উল্লেখ করলাম। এবার আপনি আপনার দলীল এনে প্রমাণ করে দিন যে, বাংলাদেশে সশস্ত্র জিহাদ জায়েজ নয় – যদি আপনি সত্যবাদি হয়ে থাকেন।

৪। যদিও আমরা মনে করি, বাংলাদেশ দারুল আমান নাকি দারুল কুফর এর উপর ভিত্তি করে আমাদের উপর জিহাদ ফরজ হয় না, কারণ মুজাহিদ উলামাগণ এই রকম বলেন না। তারপরও আপনার 'দারুল আমান' নিয়ে আলোচনার ব্যাপারে কিছু কথা আছে। দারুল আমানের সংজ্ঞা হিসেবে আপনার দেয়া রেফারেন্স কামুসুল ফিক্বহ-৩/৩৯৯-তে উল্লেখ আছেঃ

অর্থাৎ, "দারুল আমান ঐ এলাকা, যেখানে মূল ক্ষমতা (রাষ্ট্রীয় ক্ষমতা) কাফিরদের (গাইরে মুসলিম) হাতে থাকে, কিন্তু মুসলিমরা নিরাপদ থাকে। মুসলিমরা দ্বীনি দাওয়াতের ফরজিয়াত আদায় করতে পারে, আর এমন সব ইসলামী আহকাম পালন করতে পারে যেগুলো পালন করার জন্য রাষ্ট্রীয় ক্ষমতা দরকার হয় না"।

আপনার রেফারেন্সে দেয়া এই সংজ্ঞা অনুযায়ীও আপনাদের মতামত অনুযায়ী বাংলাদেশ 'দারুল আমান' হয় না। কারণঃ

ক) রাষ্ট্রীয় পরিচালনার ক্ষমতা কাফিরদের (গাইরে মুসলিম) হাতে থাকে।

- আপনার মতে কি হাসিনা-খালেদারা ও তাদের সরকারগুলো কাফির-মুরতাদ তথা গাইরে মুসলিম? আপনি কি এটা মনে করেন? এরকম কিছু তো আপনাদের তরফ থেকে আমরা কখনো শুনিনি।

- যদি হাসিনা-খালেদা তথা এই শাসকগোষ্টী গাইরে মুসলিম (মুরতাদ) হয়ে থাকে, তাহলে তাদের আনুগত্যের দাবী কেন করে থাকেন?

- যদি হাসিনা-খালেদা তথা এই শাসকগোষ্টী গাইরে মুসলিম (মুরতাদ) হয়ে থাকে, তাহলে তাদের অপসারনের চেষ্টা কেন করেন না, যা ইজমা অনুযায়ী ওয়াজিব?

খ) 'কিন্তু মুসলিমরা নিরাপদ থাকে'।

বাংলাদেশে সকল মুসলিমরা কি বর্তমানে নিরাপদ আছে কিংবা পূর্বে ছিল?

- হ্যাঁ, ঐ সকল মুসলিমরা নিরাপদ যারা ভুলেও এদেশে শরীয়াত প্রতিষ্টার কথা বলে না। এদেশের কুফরী সংবিধান পরিবর্তনের কথা বলে না। ফরজে আইন জিহাদে শরীক হবার আহবান জানায় না - সেটা হোক আফগানিস্তান, ফিলিস্তিন কিংবা অন্য কোন এলাকায়।

- যদি আপনি মনে করেন এখানে মুসলিমরা নিরাপদ, তাহলে আপনি আফগানিস্তান কিংবা সিরিয়া কিংবা ফিলিস্তিনের জিহাদের পক্ষে বয়ান দিয়ে আল্লাহর নির্দেশ অনুযায়ী মানুষকে তাহরীদ করুন তো দেখি... তাহলে হয়তো বুঝে যাবেন – এটা কেমন দারুল আমান!!

- এখানে ঐ সকল মুসলিমরা কখনো নিরাপদ নয় যারা প্রচলিত কুফরী আইন পরিবর্তন করে শরীয়াত কায়েম করার কথা বলেন, যারা কুফরী সংবিধান পরিবর্তন করার কথা বলেন। যদি আপনি মনে করেন এখানে মুসলিমরা নিরাপদ, তাহলে এদেশের কুফরী আইন ও শাসনকে পরিষ্কার কুফরী উল্লেখ করে বয়ান দিয়ে আল্লাহর নির্দেশ অনুযায়ী মানুষকে এই কুফর পরিত্যাগ করা আহবান করেন তো দেখি... তাহলে হয়তো বুঝে যাবেন – এটা কেমন দারুল আমান!!

শুধু ফিকহী ইখতেলাফী বিষয়ে মাঠ গরম করে সস্তা বাহবা পেলেও পেতে পারেন, কিন্তু বাস্তবে এই ভূমি কি দারুল আমান নাকি দারুল কুফর – তার হাকীকত বুঝতে পারবেন না।

গ) 'মুসলিমরা দ্বীনি দাওয়াতের ফরজিয়াত আদায় করতে পারে'।

- হ্যাঁ যদি শুধু নামাজ, রোযা, জিকির আর ইখতেলাফী মাসআলা নিয়ে বাহাসের দাওয়াতের কথা বলেন, তাহলে ঠিক আছে।

কিন্তু আপনি তাওহীদ আল হাকিমিয়া তথা আল্লাহর জমিনে আল্লাহর আইন বাস্তবায়ন, আল্লাহর দেয়া হুদুদগুলো বাস্তবায়নের দাওয়াত দেন, আল্লাহর দেয়া হারামগুলো বাতিল করে শরীয়াতের আহকামগুলো বাস্তবায়নের দাওয়াত দেন, তাহলে বুঝতে পারবেন – এটা কেমন দারুল আমান!!

- হ্যাঁ, অনেকেরই মনোরঞ্জনের বিষয় 'ফিকহী ইখতেলাফ' নিয়ে বাহাস করলে আপনি হবেন সমাজের অনেকের চোখে 'হিরো'। কিন্তু এই 'হিরো' আবার 'জিরো' হয়ে যাবেন যদি কিছুদিন আল্লাহর দেয়া শরীয়াতের কায়েমের দাওয়াত দিতে থাকেন। আল্লাহর দেয়া ফরজ বিধান ক্বিতালের ব্যাপারে মানুষকে তাহরীদ করতে থাকেন। তখন বুঝতে পারবেন, এদেশে দ্বীনি দাওয়াতের ফরজিয়াত আদায় করা যায় কিনা?

নাকি আপনি মনে করেন, শুধু নামাজ, রোযা, জিকির আর ইখতেলাফী মাসআলা নিয়ে বাহাসের দাওয়াত দিলেই এই ফরজিয়াত আদায় হয়ে যায়??

৫। একইভাবে আপনি দারুল আমানের সংজ্ঞা লিখেছেনঃ

"দারুল আমান কাকে বলে? যে সকল রাষ্ট্রে মুসলিমগণ স্বাভাবিকভাবে স্বীয় ধর্ম পালনে সক্ষম। চাই তারা সংখ্যাগরিষ্ঠ হোক বা সংখ্যালঘিষ্ঠ। কিন্তু ইসলামের শাস্তির বিধান প্রয়োগ করতে সক্ষম নয়। তবে দ্বীন প্রচার ও পালনে স্বাধীন। অন্যান্য ধর্মাবলম্বীরাও স্বীয় ধর্ম পালনে স্বাধীন। কোন ধর্ম পালনেই রাষ্ট্র পক্ষ থেকে কোন বিধি-নিষেধ নেই। তবে ইসলামী আইন উক্ত রাষ্ট্রে প্রচলিত নয়। আইন চলে মানবরচিত আইন বা কুফরী আইন"।

"বর্তমানে পৃথিবীর অধিকাংশ রাষ্ট্রই দারুল আমান। এমনকি আমেরিকা ইউরোপের রাষ্ট্রগুলোও। কারণ সেখানে সকল ধর্মাবলম্বীরাই স্বীয় ধর্ম পালনে ও প্রচারে স্বাধীন। রাষ্ট্র পক্ষ থেকে কোন প্রকার বিধি-নিষেধ নেই। যদিও সরকারী আইন ইসলামী নয়। এ হিসেবে বাংলাদেশ, ভারত, পাকিস্তানসহ অধিকাংশ রাষ্ট্রই দারুল আমানের অন্তর্ভূক্ত"।

বিদগ্ধ মুফতী সাহেব!! খেয়াল করে দেখুনঃ

ক) মুসলিমগণ স্বাভাবিকভাবে স্বীয় ধর্ম পালনে সক্ষম।

হ্যাঁ, আমরা অনেকগুলো ইবাদত স্বাভাবিকভাবে করতে পারি বটে কিন্তু আমরা শরীয়াতের বর্ণিত সকল ইবাদত পালন করতে পারি না। তাই, এদেশে মুসলিমরা স্বাভাবিকভাবে স্বীয় ধর্ম পালনে সক্ষম না।

- আপনি কি এ সকল মুরতাদ সরকারকে জানিয়ে শুধু একাকী আফগানিস্তানে জিহাদে শরীক হবার জন্য যেতে পারবেন? এই সরকারগুলো কি আপনাকে যেতে দিবে? এই জিহাদে শরীক হওয়া কি ইবাদতের মধ্যে সামিল নয়? এটা কি ধর্ম পালনের মধ্যে পড়ে না? নাজ্জাসীর রাজ্য থেকে তো সাহাবায়ে কেরাম (রাঃ) চাইলে গিয়ে রাসুল (সাঃ) ও কাফিরদের মধ্যে সংগঠিত জিহাদে শরীক হতে পারতেন। সেখানে এই ইবাদতে বাঁধা ছিল বলে মনে হয় না।

- আপনি কি আপনার বয়ানে, আলোচনায় সিরিয়া, আফগানিস্তান, মিশর, ফিলিস্তিনের জিহাদ ফি সাবিলিল্লাহর (যেগুলোকে আপনার কাছে শরীয়াতসম্মত মনে হয়) আলোচনা করতে পারবেন? আপনি কি সাধারণ জনগণকে ও আপনার ছাত্রদেরকে ঐসব ময়দানে ক্বিতালের শরীক হবার জন্য জন্য উদ্ভুদ্ধ করতে পারবেন? মুমিনদেরকে ক্বিতালের জন্য উদ্ভুদ্ধ করা কি একটা ইবাদত নয়? এটাও কি ধর্ম পালন নয়?

- আপনি কি এদেশে শরীয়াত কায়েমের জন্য আহবান জানাতে পারবেন? এই কুফরী সংবধানকে কুফরী উল্লেখ করে এ থেকে সাধারণ জনগণকে দূরে সরে যেতে বলতে পারবেন? মানুষকে এই হক্কের দাওয়াত দেয়া কি ইবাদতের মধ্যে সামিল নয়? এটা কি ধর্মের একটা অংশ নয়?

নাকি আপনার মতে, দারুল আমানে শরীয়াত কায়েমের চেষ্টা করাও জায়েজ নয়?? যদি দারুল আমানে শরীয়াত কায়েমের চেষ্টা করাও জায়েজ না থাকে, তাহলে কিন্তু আপনি ঘুরিয়ে ফিরিয়ে এটাই বলছেন, যে একমাত্র ইসরাইল রাষ্ট্র ছাড়া দুনিয়ার অন্য কোথাও আল্লাহর শরীয়াত কায়েমের চেষ্টা করা জায়েজ নেই!! সুবহানাল্লাহ, যদি আপনি এই ফতোয়া দেন, তাহলে শয়তান হয়তো খুশী হয়ে

আপনাকে গুরু মেনে নিবে! শয়তানের জন্য এত বড় খেদমত হয়তো দুনিয়ার আর কেউ করতে পারবে না!!!

খ। 'তবে দ্বীন প্রচার ও পালনে স্বাধীন'।

না, বরং বাস্তবতা হচ্ছে দ্বীনের কিছু কিছু বিধান প্রচার ও পালনে স্বাধীন যেগুলো এই কুফরী শাসন ব্যবস্থার বিপক্ষে যায় না, যেগুলো এই কুফরী শাসন ব্যবস্থা নিজের জন্য ঝুকিপূর্ণ মনে করে না। কিন্তু দ্বীনি অনেক বিধানের প্রচার ও পালনই এই মুরতাদ সরকার সহ্য করতে পারে না। এটাই বাস্তবতা।

.

৬। আপনি লিখেছেন,

"নী*রিহ বেসাম*রিক বিধর্মী হত্যার নাম কিছু*তেই জিহাদ নয়। প*রিস্কার সন্ত্রাস"।
আপনি কাদেরকে নিরীহ দাবী করেছেন তা পরিষ্কার নয়। আপনি কিঃ

- শাতেমুর রাসুল (সাঃ)-দেরকে নিরীহ বলছেন?

- আপনি কি আগ্রাসী আমেরিকান কুফফারদেকে নিরীহ বলছেন?

- আপনি কি ন্যাটো জোটভূক্ত ক্রুসেডার দেশগুলোকে নিরীহ বলছেন?

আপাতত আপনার এই 'নিরীহ বেসামরিক'দের ব্যাপারে শাইখ সালিহ আল উসাইমিন (রঃ) এর ছোট্ট একটা আলোচনা শুনতে বলবো। এর লিংক হচ্ছে এইঃ

www.youtube.com/watch?v=bPVpv_afBHA

.

আল্লাহ সবাইকে হক্ককে হক্ক হিসেবে দেখার, এবং তা অনুসরণ করার তৌফিক দান করুন। আল্লাহ সবাইকে বাতিলকে বাতিল হিসেবে দেখার এবং তা পরিত্যাগ করার তৌফিক দান করুন।

[সংগ্রহীত]

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?৪৭৯৬

লুতফুর রহমান ফরাজি ও "আহলে হক কর্তৃক সৃষ্ট সংশয়ের জবাব-৪ - দারুল মুয়াদায়াহ ও দারুল আহাদ / দারুল আমান

umar mukhtar

Senior Member

১০-০৫-২০১৬

দারুল মুয়াদায়াহ(دار الموادعة) /দারুল আহাদ (دار العَهْد)/ দারুল আমান (دار الأمن)

দারুল কুফর যদি মুসলিমদের সাথে চুক্তিবদ্ধ না হয় তাহলে তা হারবী রাষ্ট্র বা দারুল হারব হিসাবেই গণ্য হবে। আর চুক্তি বা সন্ধি থাকলে তা 'দারুল আহাদ' (চুক্তিবদ্ধ রাষ্ট্র) বলে গণ্য হবে। ফুকাহায়ে আহনাফ মুসলিমদের সাথে চুক্তিবদ্ধ দারুল কুফর এর ক্ষেত্রে 'দারুল মুয়াদায়াহ' (সঃ)ন্ধির আওতাধীন রাষ্ট্র) পরিভাষা ব্যাবহার করেছেন। (দেখুনঃ শারহু সিয়ারীল কাবীর, খণ্ড-৫, অধ্যায়ঃ বাবুল মুয়াদায়াহ। বাদায়েউস সানায়ে', কিতাবুস সিয়ার, অধ্যায়ঃ মা ইয়া'তারিদু মিনাল আসবাবিল মুহাররমাহ লিল-কিতাল)

"দারুল আমান" শব্দটি পরিভাষা হিসাবে মুতাকাদ্দিমীন মুতায়াখখিরীন মুজতাহিদ ফুকাহাগন ব্যাবহার করেননি। তবে বর্তমান অনেককে এই পরিভাষা ব্যাবহার করতে দেখা যায়। যদি "দারুল আমান" পরিভাষাটি দ্বারা উদ্দেশ্য হয় 'দারুল মুয়াদায়াহ' বা ঐ দারুল কুফর যার সাথে মুসলিমদের সন্ধি বা চুক্তি আছে তাহলে তো তা ঠিক আছে। কিন্তু যদি তা দ্বারা উদ্দেশ্য হয় ভিন্ন কিছু তাহলে তাদের জন্য জরুরী হবে এর পক্ষে শরয়ী নির্ভরযোগ্য দলীল পেশ করা।

মুরতাদ শাসনাধীন রাষ্ট্রের সাথে চুক্তি মুরতাদ যদি কোন ইসলামী রাষ্ট্র ক্ষমতা গ্রহণ করে শাসন করে তাহলে তা দারুল কুফরে পরিণত হবে। তবে তাদের সাথে সন্ধি/চুক্তি করা যাবে কিনা এই ব্যাপারে ফুকাহাদের মাঝে দ্বিমত আছে, অনেকে সন্ধি করতে নিষেধ করেছেন ---

আল্লামা মাওয়ারদী রহঃ বলেনঃ

ولا يجوز إقرار المرتد على ردته بجزية ولا عهد، ولا تؤكل ذبيحته، ولا تنكح منه إمرأة

জিযিয়া বা চুক্তির মাধ্যমে মুরতাদকে স্বীকৃত দেয়া বৈধ নয়। তার জবেহ খাওয়া যাবে না। তার সাথে কোন মেয়ের বিবাহ জায়েয নেই। (আল-আহকামুস সুলতানিয়্যাহ) তবে যদি তাদের সাথে যুদ্ধের শক্তি না থাকে তাহলে হানাফী ফুকাহাদের নিকট নির্দিষ্ট সময়ের জন্য চুক্তি জায়েয। আর শক্তি থাকলে জায়েয নয়।

ইমাম হাসকাফী রহঃ বলেনঃ

و نصالح المرتدين لو غلبوا على بلدة وصارت دارهم دار حرب لو خيرا بلا مال وإلا يغلبوا على بلدة (لا) لان فيه تقرير المرتدين على الردة وذلك: لا يجوز .

মুরতদরা যদি কোন অঞ্চল কবজা করে নেয় আর তাদের অঞ্চল দারুল হারব হয়ে যায়, যদি কল্যাণ দেখি তাহলে আমরা তাদের সাথে সন্ধি করব। কোন অর্থ ছাড়া। আর যদি তারা কোন অঞ্চল দখল করতে না পারে তাহলে তাদের সাথে চুক্তি করা যাবে না। কেননা চুক্তির মাধ্যমে মুরতাদকে তাদের রিদ্দার ক্ষেত্রে স্বীকৃতি দেয়া হবে আর এটা জায়েয নেই। (আদ দুররুল মুখতার, কিতাবুল জিহাদ, খণ্ড-৪,পৃষ্ঠা-৩১০)

শামসুল আয়িম্মাহ সারাখসী রহঃ বলেনঃ-

ولا بأس في هذه الحالة بموادعة المرتدين الذين غلبوا على دارهم لأنه لا قوة للمسلمين على قتالهم فكانت الموادعة خيراً لهم

এই অবস্থায় (দুর্বলতার সময়) মুরতাদদের সাথে সন্ধি করতে কোন সমস্যা নেই। যারা তাদের অঞ্চল কবজা করে নিয়েছে। কেননা তাদের সাথে যুদ্ধের শক্তি মুসলিমদের নেই। তাই তাদের সাথে চুক্তি করাই কল্যাণকর হবে। (শারহু সিয়ারীল কাবীর, বাবুল মুয়াদায়াহ, খণ্ড-৫, পৃষ্ঠা-৪)

ইমাম সারাখসী রহঃ আরও বলেনঃ

وبعد ما غلبوا على دارهم فقد صارت دارهم دار الحرب حتى إذا وقع الظهور عليهم يكون مالهم غنيمة للمسلمين

মুরতাদরা যখন নিজ এলাকায় আধিপত্য বিস্তার করে তখন তাদের অঞ্চল দারুল হারবে পরিণত হয়। আর যখন আবার তাদের বিরুদ্ধে বিজয় অর্জন হবে তখন তাদের মাল গণিমতে পরিণত হবে।(শারহু সিয়ারীল কাবীর, বাবুল মুয়াদায়াহ, খণ্ড-৫, পৃষ্ঠা-৪)

ইমাম কাসানী রহঃ বলেনঃ

وتجوز موادعة المرتدين إذا غلبوا على دار من دور الإسلام ، وخيف منهم ، ولم تؤمن غائلتهم لما فيه من مصلحة دفع الشر للحال ،

মুরতাদরা যদি মুসলিমদের কোন ভূখণ্ড দখলে নেয়। আর তাদের থেকে বিপদের আশংকা করা হয়। তাদের বিপর্যয় থেকে নিরাপদ না থাকা যায়, তাহলে তাদের সাথে চুক্তি জায়েয আছে। কেননা এর মাঝে তাৎক্ষণিক বিপদ প্রতিহতের কল্যাণ নিহিত। (বাদাইউস সানায়ে', কিতাবুস সিয়ার, অধ্যায়- ফী-বায়ানী মা ইয়া'তারিদু মিনাল আসবাবিল মুহাররমাহ লিল-কিতাল)

নোটঃ (১) মুরতাদরা মুসলিমদের কোন অঞ্চল কবজা করলে তা দারুল কুফর হয়ে যাবে। (২) মুসলিমদের দুর্বলতার সময় তাদের সাথে চুক্তি ও সন্ধিতে আসা আহনাফের নিকট জায়েয।

যুদ্ধ না করে সন্ধির শর্ত : কাফির ও মুরতাদদের সাথে যুদ্ধ না করে সাময়িক চুক্তির ক্ষেত্রে আহলুল ইলম বেশ কয়েকটি শর্ত উল্লেখ করেছেন। যার মাঝে কিছু শর্তের ব্যাপারে তারা মুত্তাফিক (ঐকমত) কিছু শর্তের ব্যাপারে মুখতালিফ (ভিন্নভিন্ন মত পোষণকারী)। আমরা এখানে শুধু কয়েকটি গুরুত্বপূর্ণ শর্ত ফিকহে হানাফীর আলোকে উল্লেখ করব ইনশাআল্লাহ।

প্রথম শর্তঃ মুসলিমরা দুর্বল হতে হবে। যুদ্ধ করার শক্তি না থাকতে হবে। যুদ্ধের শক্তি থাকলে সন্ধি বা চুক্তি করা যাবে না। ইমাম সারাখসী রহঃ বলেনঃ

قال أبو حنيفة - ﷺ - : لا ينبغي موادعة أهل الشرك إذا كان بالمسلمين عليهم قوة لأن فيه ترك القتال المأمور به أو تأخيره وذلك مما لا ينبغي للأمير أن يفعله من غير حاجة قال الله - تعالى - : {وَلاَ تَهِنُوا وَلاَ تَحْزَنُوا وَ أَنتُمُ الأَعْلَوْنَ إِن كُنتُم مُّؤْمِنِينَ} الأنفال الاية 139

আবু হানীফা রাদি আল্লাহু আনহু বলেনঃ- মুশরিকদের সাথে সন্ধি করা যাবে না, যখন মুসলিমরা তাদের বিরুদ্ধে শক্তিশালী হবে। কেননা সন্ধির মাধ্যমে আল্লাহ তায়ালার নির্দেশিত বিধান কিতাল তরক করতে হয়। অথবা বিলম্ব করতে হয়। আর কোন আমীরের জন্য প্রয়োজন ছাড়া এটা করা যাবে না। আল্লাহ তায়ালা বলেনঃ আর তোমরা নিরাশ হয়ো না এবং দুঃখ করো না। যদি তোমরা মুমিন হও তবে, তোমরাই জয়ী হবে। (শারহু সিয়ারীল কাবীর, বাবুল মুয়াদায়াহ, খণ্ড-৫, পৃষ্ঠা-৩)

তৃতীয় শর্ত: আজীবনের জন্য করা যাবে না। বরং তা নির্দিষ্ট একটা সময় পর্যন্ত হতে হবে। এই সময়ের ব্যাপারে ফুকাহাদের মাঝে দ্বিমত আছেন। কেউ বলেছেন ৪ মাস। কেউ ২ বছর, কেউ ১০ বছর সর্বোচ্চ। তবে ফিকহে হানাফীর গ্রহণযোগ্য মত হচ্ছে ততদিন রাখা যাবে যত দিন এর মাঝে মুসলিমদের কল্যাণ থাকবে।

ইবনে হুমাম রহঃ বলেনঃ

وَلَا يَقْتَصِرُ الْحُكْمُ وَهُوَ جَوَازُ الْمُوَادَعَةِ عَلَى الْمُدَّةِ الْمَذْكُورَةِ وَهِيَ عَشْرُ سِنِينَ لِتَعَدِّي الْمَعْنَى الَّذِي بِهِ عَلَّلَ جَوَازَهَا ، وَهُوَ حَاجَةُ الْمُسْلِمِينَ أَوْ ثُبُوتُ مَصْلَحَتِهِمْ فَإِنَّهُ قَدْ يَكُونُ بِأَكْثَرَ بِخِلَافِ مَا إذَا لَمْ تَكُنْ الْمُوَادَعَةُ أَوْ الْمُدَّةُ الْمُسَمَّاةُ خَيْرًا لِلْمُسْلِمِينَ فَإِنَّهُ لَا يَجُوزُ

সন্ধি জায়েয হবার হুকুম উল্লেখিত ১০ বছর সময়ের মাঝেই সীমাবদ্ধ হবে না। যে কারণে সন্ধি জায়েজ করা হয়েছে তা বাকি থাকার কারণে। আর তা হচ্ছে, মুসলিমদের জরুরত ও তাদের কল্যাণ বিদ্যমান থাকা। তাই কখনও সময় বেশীও হতে পারে। তবে যদি সন্ধি বা উল্লেখিত সময় মুসলিমদের জন্য কল্যাণকর না হয় তাহলে তা জায়েয হবে না। (ফাতহুল কাদীর, পরিচ্ছেদঃ কিতাবুস সিয়ার, অধ্যায়ঃ বাবুল মুয়াদায়াহ)

বুরহানুদ্দীন মারগিনানী রহঃ বলেনঃ

وإن صالحهم مدة ثم رأى نقض الصلح أنفع نبذ إليهم وقاتلهم

যদি তাদের সাথে একটা নির্দিষ্ট সময় পর্যন্ত সন্ধি করা হয় অতঃপর দেখা যায় চুক্তি ভেঙ্গে ফেলাটাই উত্তম তাহলে তাদেরকে চুক্তি ভেঙ্গে ফেলার সংবাদ পৌঁছাবে। এবং তাদের সাথে যুদ্ধ করবে। (আল-হেদায়া, কিতাবুস সিয়ার, বাবুল মুয়াদায়াহ)

নোটঃ শরীয়তের মধ্যে আসল হচ্ছে হারবীদের সাথে কিতাল করা। তবে শর্ত সাপেক্ষে কখনো কখনো সন্ধি করাও জায়েয আছে। সন্ধির মূল উদ্দেশ্য হচ্ছে জিহাদের জন্য যাতে মুসলিমগণ প্রস্তুতি নেবার অবকাশ পায়।

চুক্তিবদ্ধ কাফেরকে সামরিক সহায়তা ইমাম ইবনে হুমাম রহঃ বলেনঃ

وَلَا يَنْبَغِي أَنْ يُبَاعَ السِّلَاحُ مِنْ أَهْلِ الْحَرْبِ وَلَا يُجَهَّزُ إلَيْهِمْ لِأَنَّ النَّبِيَّ عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلَامُ نَهَى عَنْ بَيْعِ السِّلَاحِ مِنْ أَهْلِ الْحَرْبِ وَحَمْلِهِ إلَيْهِمْ ، وَلِأَنَّ فِيهِ تَقْوِيَتَهُمْ عَلَى قِتَالِ الْمُسْلِمِينَ فَيُمْنَعُ مِنْ ذَلِكَ وَكَذَا الْكُرَاعُ لِمَا بَيَّنَّا ، وَكَذَلِكَ الْحَدِيدُ لِأَنَّهُ أَصْلُ السِّلَاحِ ، وَكَذَا بَعْدَ الْمُوَادَعَةِ ؛ لِأَنَّهَا عَلَى شَرَفِ النَّقْضِ أَوْ الِانْقِضَاءِ فَكَانُوا حَرْبًا عَلَيْنَا ،

হারবীদের নিকট অস্ত্র বিক্রি করা তাদেরকে অস্ত্রে সজ্জিত করা যাবে না। কেননা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হারবীদের নিকট অস্ত্র বিক্রি করতে ও রপ্তানি করতে নিষেধ করেছেন। কেননা এর দ্বারা মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে তাদেরকে শক্তিশালী করা হবে। তাই তা নিষেধ। একই ভাবে ঘোড়া, লোহাও কেননা অস্ত্রের মূল সেটাই। অনুরূপ সন্ধির পরও জায়েয নেই। কেননা সন্ধি ভঙ্গে গেলে বা ভেঙ্গে দিলে তারা আমাদের বিরুদ্ধেই যুদ্ধ করবে। (ফাতহুল কাদীর, পরিচ্ছেদঃ কিতাবুস সিয়ার, অধ্যায়ঃ বাবুল মুয়াদায়াহ)

ইমাম সারাখসী রহঃ বলেনঃ

ولا يمنع التجار من حمل التجارات إليهم إلا الكراع والسلاح والحديد لأنهم أهل حرب وإن كانوا موادعين ألا ترى أنهم بعد مضي المدة يعودون حربا للمسلمين

ব্যবসায়ীদেরকে দারুল আহদের অধিবাসীদের কাছে ব্যবসায়ী পণ্য রপ্তানি করতে নিষেধ করা হবে না। তবে ঘোড়া অস্ত্র লোহা রপ্তানি করতে পারবে না। কেননা তারা হারবী। যদিও এখন চুক্তিবদ্ধ। তুমি কি জাননা! সময় শেষ হবার পর তারা পুনরায় মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হবে। (আল-মাবসূত, কিতাবুস সিয়ার খণ্ড-১০, পৃষ্ঠা-৮৮)

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?৪৯৪৬

জামাতের গুরুত্ব

hindustani mujahid

Member

১০-২৬-২০১৬

রহমান রহীম আল্লাহ তায়ালার নামে-

জামাআতের গুরুত্ব, পরিপ্রেক্ষিত বর্তমান সমাজ

আল্লাহ তাআলা সালাতের মর্যাদা সমুন্নত করেছেন। পবিত্র কুরআনের বহু জয়গায় সালাত আদায়ের নির্দেশ দিয়েছেন । সালাতের প্রতি যত্নবান ও জামাআতভুক্ত হয়ে সালাত আদায়ের আদেশ করেছেন। সালাতকে গুরুত্বপূর্ন ইবাদত হিসেবে আখ্যায়িত করেছেন ও আনুগত্যের বহিঃপ্রকাশ হিসাবে সাব্যস্ত করেছেন। আল্লাহ তাআলা বলেন:—

و أقيموا الصلاة و آتوا الزكاة واركعوا مع الر اكعين – سورة البقرة :43

আর সালাত কায়েম কর, যাকাত প্রদান কর এবং সালাতে রুকুকারীদের সাথে রুকু কর। (বাকারা-৪৩)

আর এর প্রতি অবমাননা এবং তা আদায়ে অলসতা মুনাফিকের আলামত হিসেবে উল্লেখ করেছেন। ইরশাদ হচ্ছে :—

إِنَّ الْمُنَافِقِينَ يُخَادِعُونَ اللَّهَ وَهُوَ خَادِعُهُمْ وَإِذَا قَامُوا إِلَى الصَّلَاةِ قَامُوا كُسَالَىٰ:142

মুনাফিকরা অবশ্যই প্রতারণা করছে আল্লাহর সাথে অথচ তারা প্রকারান্তরে নিজেদেরই প্রতারিত করছে । বস্তুতঃ তারা যখন সালাতে দাড়ায় তারা দাড়ায় একান্ত শিথিলভাবে। (সূরা নিসা-১৪২)

অন্যত্র ইরশাদ হচ্ছে :—

وَلَا يَأْتُونَ الصَّلَاةَ إِلَّا وَهُمْ كُسَالَىٰ. سورة التوبة: 54

তারা সালাতে আসে আলস্যভরে (সূরা তওবা : ৫৪)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের প্রতি অচ্ছেদ্যভাবে যত্নবান ছিলেন। যুদ্ধ কি শান্তি, সুস্থ কি অসুস্থ সকল অবস্থায় এমনকি ওয়াফতের পূর্বে মৃত্যব্যাধিতে আক্রান্ত অবস্থায়ও তিনি সালাত আদায়ে অবহেলা করেননি বিন্দুমাত্র। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীগণ, ও পরবর্তীতে তাবেয়ীন ও উত্তম পূর্বপুরুষগণ সালাতের প্রতি ছিলেন বর্ণনাতীতভাবে ঐকান্তিক, একনিষ্ঠ। তবে সাম্প্রতিক পরিস্থিতি রীতিমতো ঘাবড়ে দেবার মতো। বর্তমানে অনেক মুসলমানই সালাত আদায়ে দারুণভাবে উদাসীন। জুমার সালাতে মসজিদে উপচে-পড়া ভীড় হচ্ছে ঠিকই তবে পাঁচ ওয়াক্ত সালাতে মসজিদের অধিকাংশ জায়গাই থাকে মুসুল্লিশূন্য। সালাত বিষয়ে মুসলমানদের অবহেলার আদৌ কোন কারণ থাকতে পারে না। সালাত বিষয়ে অবহেলার অর্থ ঈমানের একটি মৌলিক দাবি , ইসলামের একটি প্রধানতম নিদর্শন বিষয়ে অবহেলা । আর যারা এ ধরনের অবহেলা প্রদর্শনে অভ্যস্ত তাদের অপেক্ষায় থাকবে মর্মন্তুদ শাস্তি, কঠিন নারকীয় আযাব।

আমাদের পূর্বপুরুষগণ জামা'আতভুক্তিতে সালাত আদায়ের প্রতি খুবই যত্নশীল। তাদের নিকট এর গুরুত্ব ছিল অপরিসীম ; এমনকি জামাত ছুটে গেলে খুবই মর্মাহত হতেন। তারা। মনোকষ্টে অশ্রু ঝরাতেন। সমবেদনা জানাতেন একে অপরকে জামাত ছুটে যাওয়ার কারণে ।

জামাআতভুক্তিতে সালাত না আদায়ের ফলে সালফে সালেহীনের মনোবেদনা

মুহাম্মদ বিন মুবারক আ'সম রহ. বলেন :— 'আমি জামা'আতে সালাত আদায়ে সক্ষম না হওয়ায় শুধুমাত্র আবু ইসহাক আল-বুখারীই সমবেদনা জানান। অথচ যদি আমার পিতা মারা যেত, তাহলে দশ হাজারেরও বেশী মানুষ আমাকে সমবেদনা জানাত। কেননা ধর্ম পালন করতে গিয়ে কষ্ট শিকার, তাদের নিকট, দুনিয়ার মুসীবতের চেয়েও সহজ মনে হত।

জামা'আতে সালাত আদায় তাদের নিকট দুনিয়ার সম্পদ অর্জনের চেয়েও অধিক গুরুত্বপূর্ণ ছিল। অথচ আমরা দুনিয়ার পিছনেই লেগে রয়েছি মরিয়া হয়ে। দুনিয়-অর্জন ক্ষতিগ্রস্ত হবে এই ভয়ে অনেক সময় সালাতও আদায় করছি দেরী করে।

শুধু তাই নয় বরং আমাদের মাঝে এমন অনেকই আছেন, যারা দুনিয়ার ক্ষণস্থায়ী চাকচিক্যের পিছনে তড়িত হয়ে সালাত আদায়ই ছেড়ে দিয়েছে সম্পূর্ণভাবে।

মায়মুন বিন মেহরান রহ. মসজিদে এলে তাকে বলা হল, সমস্ত লোক চলে গিয়েছে। তিনি বললেন :—

إنا لله و إنا إليه راجعون

'ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন'। এই সালাতের মর্যাদা আমার নিকট ইরাকের গভর্ণর হওয়ার চেয়েও অধিক প্রিয়।

ইউনুস বিন আব্দুল্লাহ রহ. বলেন, আমার যদি মুরগী হারিয়ে যায়, তবে আমি তার জন্য চিন্তিত হই, অথচ সালাত ছুটে গেলে তার জন্য চিন্তিত হই না!সালফে সালেহীনগণ সালাতের আওয়াজ শোনার সাথে সাথে মসজিদে যাবার জন্য প্রতিযোগিতা করতেন। ইমামের সাথে প্রথম তাকবীরে উপস্থিত হবার জন্য তারা সকলে ছিলেন প্রচন্ড আগ্রহী ।

সাঈদ নি মুসায়্যিব রহ. বলেন : পঞ্চাশ বৎসর ধরে আমার প্রথম তাকবীর ছুটেনি, পঞ্চাশ বৎসর পর্যন্ত আমি ফরয নামাযে মানুষের ঘাড় দেখিনি। অর্থাৎ তিনি পঞ্চাশ বৎসর ধরে প্রথম কাতারেই শমিল ছিলেন।

ওয়াকী বিন জারাহ রহ. বলেন : প্রায় সত্তর বৎসর পর্যন্ত আ'মাশ রহ. এর প্রথম তাকবীর ছুটেনি। ইবনে সামাআহ রহ. বলেন : চল্লিশ বৎসর পর্যন্ত আমার তাকবীরে উলা ছুটেনি। শুধু যে দিন আমার মায়ের মৃত্যু হয়, সে দিন ছুটেছিল।

প্রিয় ভাই ! আমাদের অবস্থা আর সালফে সালেহীনের অবস্থার মাঝে অনেক ব্যবধান তাদের নিকট সালাতের গুরুত্ব ছিল আপরিসীম, আর আমরা এর অবমাননা করছি হরহামেশা। তারা এর প্রতি যত্নবান ছিলেন। আর আমারা করছি অলসতা। তারা দুনিয়ার ক্ষণস্থায়ী চাকচিক্যের উপর সালাতকে প্রাধান্য দিয়েছেন, আর আমরা দুনিয়া নিয়ে ব্যস্ত হয়ে পড়েছি এবং একে (সালাতকে) পিছনে ফেলে রেখেছি। এর গুরুত্বপূর্ণ ছাওয়াব ও অফুরন্ত ফযীলতের প্রতি তাদের উৎসাহ ছিল অপরিসীম। আর আমরা এ থেকে বিমুখ।

জামা'আতে সালাত আদায়ের ফযীলত ও ফলাফল :—

জামা‘আতে সালাত আদায়ের ফযীলত ও মর্যাদা অনেক। তন্মধ্যে কয়েকটি নিম্নরূপ

১। সালাত পাপমোচন এবং মর্যাদা বৃদ্ধির কারণ :—

عن أبي هريرة ﷺ : أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أَلَا أَدُلُّكُمْ عَلَى مَا يَمْحُو اللهُ بِهِ الْخَطَايَا، وَيَرْفَعُ بِهِ الدَّرَجَاتِ؟» قَالُوا بَلَى يَا رَسُولَ اللهِ قَالَ: «إِسْبَاغُ الْوُضُوءِ عَلَى الْمَكَارِهِ، وَكَثْرَةُ الْخُطَا إِلَى الْمَسَاجِدِ، وَانْتِظَارُ الصَّلَاةِ بَعْدَ الصَّلَاةِ، فَذَلِكُمُ الرِّبَاطُ» رواه الترمذي 48:

আবূ হুরায়রা t থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : আমি কি তোমাদের এমন বিষয় জানাব না, যার মাধ্যমে আল্লাহ গুনাহসমূহ মোচন করে দেন এবং মর্যাদা বৃদ্ধি করেন ? সাহাবায়ে কিরাম বললেন : হ্যাঁ, হে আল্লাহর রাসূল ! তিনি বললেন : তা হচ্ছে কষ্টের সময়ে যথাযথভাবে অযু করা, মসজিদের দিকে বেশি বেশি পদচারণ করা এবং এক সালাতের পর অন্য সালাতের অপেক্ষায় থাক। *এটাই হল সীমান্ত প্রহরা। (তিরমিযী : ৪৮)

অন্য হাদীসে এসেছে :

عن عبد الله بن عمرو ﷺ : أن رسول الله صلى الله قال : «مَنْ رَاحَ إِلَى مَسْجِدِ الجَمَاعَةِ فَخُطْوَةٌ تَمْحُو سَيِّئَةً وَخُطْوَةٌ تَكْتُبُ لَهُ حَسَنَةً، ذَاهِبًا وَرَاجِعًا» .رواه أحمد وصحح إسناده الشيخ أحمد شاكر: 6311

আব্দুল্লাহ বিন আমর থেকে বর্ণিত , রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : যে ব্যক্তি জামা‘আতের সাথে সালাত আদায়ের জন্য মসজিদে যায়, তার আসা এবং যাওয়ায় প্রতি পদক্ষেপে গুনাহ মিটে যায় এবং প্রতি পদক্ষেপে নেক ‘আমল লেখা হয়। (আহমাদ : ৬৩১১)

২। সালাত বান্দাকে শয়তান থেকে হিফাজত করে এবং তার প্ররোচনা থেকে নিরাপদ রাখে:

فعن أبي الدرداء ﷺ قالسَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَا مِنْ ثَلَاثَةٍ فِي قَرْيَةٍ، وَلَا بَدْوٍ، لَا تُقَامُ فِيهِمُ الصَّلَاةُ، إِلَّا اسْتَحْوَذَ عَلَيْهِمُ الشَّيْطَانُ،

فَعَلَيْكُمْ بِالْجَمَاعَةِ فَإِنَّمَا يَأْكُلُ الذِّئْبُ الْقَاصِيَةَ» رواه أبوداود وحسنه الألباني : 460

আবূ দারদা রা. থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি : যে গ্রামে বা মরুপ্রান্তরে তিনজন লোক অবস্থান করে অথচ তারা জামা'আত কায়েম করে সালাত আদায় করে না, শয়তান তাদের উপর চরে বসে। কাজেই জামা'আতে সালাত আদায় করা একান্ত অপরিহার্য। কারণ বাঘ দলছুট বকররীটিকেই উদরস্থ করে (আবূ দাউদ : ৪৬০)

৩। নিফাক থেকে পরিত্রাণ এবং জাহান্নাম থেকে মুক্তি :—

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন :

أَثْقَلُ صَلَاةٍ عَلَى الْمُنَافِقِينَ صَلَاةُ العِشَاءِ والفَجْرِ – متفق عليه1411 :

এশা ও ফজরের সালাত মুনাফিকদের নিকট সবচেয়ে বেশী ভারী বোঝা বলে মনে হয়। (বুখারী ও মুসলিম : ১৪১১)

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন:

مَنْ صَلَّى لِلَّهِ أَرْبَعِينَ يَوْمًا فِي جَمَاعَةٍ يُدْرِكُ التَّكْبِيرَةَ الأُولَى كُتِبَ لَهُ بَرَاءَتَانِ: بَرَاءَةٌ مِنَ النَّارِ، وَبَرَاءَةٌ مِنَ النِّفَاقِ – رواه الترمذي وحسنه الألباني : 224

যে ব্যক্তি একাধারে চল্লিশ দিন পর্যন্ত প্রথম তকবীরের সাথে জামা'আতে সালাতে আদায় করে, তার জন্য দু'টি মুক্তি রয়েছে : জাহান্নাম থেকে মুক্তি আর নিফাক থেকে মুক্তি। (তিরমিযী : ২২৪)

ইবনে মাসউদ বলেন :

وَلَقَدْ رَأَيْتُنَا وَمَا يَتَخَلَّفُ عَنْهَا إِلَّا مُنَافِقٌ مَعْلُومُ النِّفَاقِ - رواه مسلم 1046 :

এক সময় আমাদের অবস্থা এমন ছিল যে, একমাত্র প্রকাশ্য মুনাফিক ব্যতীত আর কেউ জামা'আতে সালাত আদায় করা থেকে বিরত থাকেনি। (মুসলিম : ১০৪৬)

৪। কিয়ামতের দিন পরিপূর্ণ নূরের সুসংবাদ :—

عن بريدة ﷺ أن رسول الله ﷺ: قال«بَشِّرِ الْمَشَّائِينَ فِي الظُّلَمِ إِلَى الْمَسَاجِدِ، بِالنُّورِ التَّامِّ يَوْمَ الْقِيَامَةِ» - رواه أبو دواؤد وصحه الألباني :447

বুরাইদাহ (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: অন্ধকার রাতে মসজিদে গমনকারীদের জন্য ক্বিয়ামত দিবসে পূর্ণ নূরের সুসংবাদ দাও। (আবূ দাউদ : ৪৪৭)

৫। জামা'আতে সালাত আদায়কারী আল্লাহর হিফাজতে :—

فعن أمامة ﷺ قال: قال رسول الله ﷺ ثَلَاثَةٌ كُلُّهُمْ ضَامِنٌ عَلَى اللَّهِ عَزَّوَجَلَّ: رَجُلٌ خَرَجَ غَازِيًا فِي سَبِيلِ اللَّهِ، فَهُوَ ضَامِنٌ عَلَى اللَّهِ حَتَّى يَتَوَفَّاهُ فَيُدْخِلَهُ الْجَنَّةَ، أَوْ يَرُدَّهُ بِمَا نَالَ مِنْ أَجْرٍوَغَنِيمَةٍ، وَرَجُلٌ رَاحَ إِلَى الْمَسْجِدِ، فَهُوَ ضَامِنٌ عَلَى اللَّهِ حَتَّى يَتَوَفَّاهُ فَيُدْخِلَهُ الْجَنَّةَ، أَوْ يَرُدَّهُ بِمَا نَالَ مِنْ أَجْرٍوَغَنِيمَةٍ – رواه أبو داود وصححه الألباني : 2133

উমামাহ (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামবলেছেন : তিন ব্যক্তি আল্লাহর জিম্মায়, তন্মধ্যে মসজিদে গমনকারী ব্যক্তি। সে আল্লার জিম্মায় থাকে ; এমনকি, তার মৃত্যু হলে তাকে তিনি জান্নাতে প্রবেশ করাবেন। অথবা তাকে ছাওয়াব বা গনীমত প্রদান করে (বাড়ীতে) ফিরিয়ে দিবেন। (আবূ দাউদ : ২১৩৩)

তাছাড়া নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন :—

مَنْ صَلَّى الصُّبْحَ فِي جَمَاعَةٍ فَهُوَ فِي ذِمَّةِ اللَّهِ، فَمَنْ أَخْفَرَ ذِمَّةَ اللَّهِ كَبَّهُ اللَّهُ فِي النَّارِ لِوَجْهِهِ».رواه الدارمي : 3367

যে ব্যক্তি সকালের সালাত জামা'আতের সাথে আদায় করে, সে আল্লাহর জিম্মায় থাকে। যে আল্লাহর জিম্মাকে অবমাননা করবে, আল্লাহ তাকে জাহান্নামে নিক্ষেপ করবেন। (দারামী : ৩৩৬৭)

একটু ভেবে দেখুন ! যে ব্যক্তি সকল ফরয-সালাত জামা'আতের সাথে মসজিদে আদায় করে তার অবস্থা কত কল্যাণময় হতে পারে ?

৬। ঘরে সালাত আদায়ের চেয়ে মসজিদে সালাত আদায় অধিক ছাওয়াবের উপযোগী বানায় :—

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন :

وعن أبي هريرة - ﷺ - قَالَ: قال رَسُولُ اللهِ - ﷺ: «صَلاةُ الرَّجُلِ في جَمَاعةٍ تُضَعَّفُ عَلَى صَلاتِهِ فِي بَيْتِهِ وفي سُوقِهِ خَمْسًا وَعِشْرِينَ ضِعْفًا، وَذلِكَ أَنَّهُ إذَا تَوَضَّأَ فَأَحْسَنَ الوُضُوءَ، ثُمَّ خَرَجَ إلى المَسْجِدِ، لا يُخرِجُهُ إلاّ الصَّلاةُ، لَمْ يَخْطُ خَطْوَةً إلاّ رُفِعَتْ لَهُ بِهَا دَرَجَةٌ، وَحُطَّتْ عَنهُ بِهَا خَطِيئَةٌ، فَإذَا صَلَّى لَمْ تَزَلِ المَلائِكَةُ تُصَلِّي عَلَيْهِ مَا دَامَ فِي مُصَلاَهُ، مَا لَمْ يُحْدِث، تقولُ: اللَّهُمَّ صَلِّ عَلَيهِ، اللَّهُمَّ ارْحَمْهُ، وَلَا يَزَالُ في صَلاةٍ مَا انْتَظَرَ الصَّلَاةَ». متفقٌ عَلَيهِ

জামা'আতের সাথে সালাত আদায় ঘরে বা বাজারের সালাতের চেয়ে ২৫ গুণ বেশী ছাওয়াবের অধিকারী বানায়। আর এটা এভাবে যে, যখন সে অযু করে খুব সুন্দর করে । এবং (সালাতের জন্য) মসজিদের উদ্দেশো বের হয়। এ অবস্থায় সে যতবার পা ফেলে, প্রতিবারের পরিবর্তে একটি করে তার মর্যাদা বৃদ্ধি করা হয় এবং একটি করে গুনাহ ক্ষমা করা হয়। তারপর যখন সে সালাত আদায় করতে থাকে, ফেরেস্তাগণ তার জন্য রহমতের দু'আ করতে থাকেন। যতক্ষণ সে সালাতের জায়গায় বসে থাকে ফেরেশতারা তার জন্য এই বলে দু'আ করেন যো, হে আল্লাহ! এই ব্যক্তির উপর রহমত নাযিল কর। হে আল্লাহ ! এর উপর দয়া কর। আর যতক্ষণ সে সালাতের জন্য অপেক্ষা করতে থাকে, ততক্ষণ সে সালাতের অর্ন্তভুক্ত থাকে।' (বুখারী ও মুসলিম : ৬১১)

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)বলেন:

من غدا إلى المسجد أوراح أعد الله له في الجنة منزلا كلما غدا أوراح- متفق عليه

622 :

যে ব্যক্তি সকালে বা সন্ধ্যায় মসজিদে গমন করে আল্লাহ তার জন্য জান্নাতে মেহমানদারীর ব্যবস্থা করেন, যতবার সে সকালে বা সন্ধ্যায় গমন করে ততবারই। (বুখারী ও মুসলিম : ৬২২)

عن أبي أمامة ﷺ أن رسول الله ﷺ قال: من خرج من بيته متطهرا إلى صلاة مكتوبة فأجره كأجر ه الحاجالمحرم – رواه أبو داود وحسنه الألباني رقم الحديث : 471

আবূ উমামাহ থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন : যে ব্যক্তি নিজ গৃহ থেকে পবিত্র হয়ে ফরয সালাতের জন্য বের হয়, তার ছাওয়াব একজন হজ্জ পালনকারীর ছাওয়ারেবর সমান।(আবূ দাউদ : ৪৭১)

وعن جابر ﷺ قال: أراد بنو سلمة أن يتحول إلى قرب المسجد قال: والبقاع خالية فبلغ ذلك النبي ﷺ فقال يا بني سلمة دياركم تكتب آثاركم فقالوا ما كان يسرنا أن كنا تحولنا – رواه مسلم : 1069

জাবির বিন আব্দুল্লাহ রা. থেকে বর্ণিত, তিনি বলেন : বনু সালামাহ গোত্র মসজিদের কাছে স্থানান্তরিত হতে মনস্থ করল। তিনি বলেন : জায়গা খালি ছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এ খবর পৌছলে তিনি তাদেরকে বললেন : হে বনী সালামাহ ! তোমরা তোমাদের বর্তমান বাসস্থানগুলো ধরে রাখ। মসজিদে গমনাগমনের পদক্ষেপগুলো তোমাদের জন্যে লিখে রাখা হবে। তারা বললেন : স্থানান্তরিত হওয়া আমাদের কিই-বা আনন্দত দিতে পারে ! (মুসলিম: ১০৬৯)

৭। জামা'আতে সালাত আদায়কারী কিয়ামত দিবসে আরশের নীচে ছায়া পাবেন —: **عن أبي هريرة ﷺ أن رسول الله ﷺ قال: سبعة يظلهم الله في ظله يوم لا ظل إلا ظله .وذكر منهم ورجل قلبه معلق بالمساجد) رواه البخاري : 620**

সাহাবী আবূ হুরায়রা রা. থেকে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : সাত ব্যক্তিকে আল্লাহ তা'আলা ছায়া দান করবেন ঐ দিন, যেদিন আল্লাহর ছায়া ব্যতীত আর কোন ছায়া থাকবে না ... তাদের মধ্যে একজন হল ঐ

ব্যক্তি যার হৃদয় মসজিদের সাথে লাগানো। অর্থাৎ সালাত ও জামা'আতের প্রতি অচ্ছেদ্যভাবে আগ্রহী। (বুখারী ও মুসলিম : ৬২০)

৮। আল্লাহ তা'আলা মুসল্লির আগমনে খুশী হন :—

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন:

لا يتوضأ أحدكم فيحسن وضوءه ويسبغه ثم يأتي المسجد لا يريد إلا الصلاة فيه إلا تبشبش الله إليه كما يتبشبش أهل الغائب بطلعته. رواه ابن خزيمة وأحمد وصححه الألباني 8131:

তোমাদের মধ্যে যদি কেউ পরিপূর্ণভাবে অযূ করে, অতঃপর শুধুমাত্র সালাতের উদ্দেশ্যেই মসজিদে আসে, তবে আল্লাহ তা'আলা তার প্রতি এমন খুশি হন যেরূপ খুশি হয় নিরুদ্দেশ ব্যক্তির আচম্বিতে ফেরে আসায় তার পরিবারের সদস্যরা । (ইবনু খুযাইমাহ : ৮১৩১)

৯। জামা'আতে সালাত একাগ্রতা অর্জন ও অন্তর বিগলিত হওয়ার উপকরণ :—

কোন মুসলিম যখন মসজিদে প্রবেশ করে তখন দুনিয়ার সকল ব্যস্ততা থেকে সে নিজেকে মুক্ত করে নেয়। আন্তরিকতার সাথে আল্লাহর সামনে উপস্থিত হয়, অতঃপর সে মসজিদে আগত মুসল্লিদের আল্লাহর সামনে রুকু-সিজদারত অবস্থায় দেখে। যিকির এবং কুরআন তিলাওয়াত প্রত্যক্ষ করে। আল্লাহর কালাম স্বকর্ণে শোনার সুযোগ পায়। এ সব থেখে সে বুঝতে পারে এ ময়দান আল্লাহ ও তার জান্নাত লাভের উদ্দেশে প্রতিযোগিতার ময়দান। আর এ ক্ষেত্রে প্রতিযোগিতাকারীরাই আন্তরিকতা ও একাগ্রতার সাথে আল্লাহর দিকে অগ্রসর হয়।

১০। জামাতের সাথে সালাত আদায় মুসলমানদের মাঝমাঝে পারস্পরিক আন্তরিকতা ও মহব্বত সৃষ্টি করে :—

জামা'আতে সালাতে আদায়ের মাধ্যমে মুসলমানগণ দিন ও রাতে পাঁচবার পরস্পর মিলিত হয়। তাদের মাঝে সালাম বিনিময় হয়। একে অপরের খোজ-খবর নেয়।

হাসিমুখে একে অন্যের সাথে সাক্ষাত করে। এ সব বিষয় পারস্পরিক মহব্বত, ভালবাসা এবং একে অপরের কাছাকাছি আসার সুযোগ করে দেয়।

১১। আল্লাহ তা'আলা ফেরেশতাদের নিকট মুসল্লীদের নিয়ে গর্ব করেন :—

عن عبد الله بن عمرو ﷺ أن رسول الله ﷺ قال: أبشروا هذا ربكم قد فتح بابا من أبواب السماء يباهي بكم الملائكة يقول :انظروا إلى عبادي قد قضوا فريضة وهم ينتظرون أخرى – رواه أحمد و ابن ماجه 793 :

আব্দুল্লাহ বিন 'আমর রা. থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন : তোমরা সুসংবাদ গ্রহণ কর, তোমাদের প্রভু আসমানের দরজাসমূহের একটি দরজা খুলেছেন। সেখানে তোমাদের নিয়ে ফেরেশতাদের নিকট গর্ব করে বলেন, দেখ আমার বান্দাদেরকে, তারা একটি ফরয আদায় করেছে এবং আরেকটি ফরযের জন্য অপেক্ষা করছে। (আহমাদ, ইবনে মাজাহ্* : ৭৯৩)

১২। এতে অজ্ঞ লোকের জন্য রয়েছে শিক্ষা এবং বিজ্ঞলোকের জন্য রয়েছে উপদেশ :—

যে ব্যক্তি জামা'আতের সাথে মসজিদে সালাত আদায় করে, সে সালাতের আহকাম, আরকান, সুন্নাত ইত্যাদি বিষয়গুলো আহলে ইলম থেকে শিখতে পারে। আহলে ইলমের সালাত দেখে উক্ত ব্যক্তি নিজের ভুল-ভ্রান্তি সংশোধন করে নেয়। এমনিভাবে ওয়াজ-নসীহত শুনে ভাল কাজে উৎসাহিত হয়, মন্দ কাজ থেকে বিরত থাকে। এতে সে অনেক উপকৃত হয়, যা ঘরে সালাত আদায় করে আদৌ সম্ভব নয়।

১৩। আল্লাহ তা'আলা জামা'আতে সালাত আদায়ে মুগ্ধ হন :

কতই না সৌভাগ্য ঐ ব্যক্তির, যার আমল দেখে সৃষ্টিকর্তা মুগ্ধ হন।

عن ابن عمر ﷺ قال: سمعت رسول الله ﷺ يقول: إن الله ليعجب من الصلاة في الجمع – رواه أحمد وحسنه الألباني

ইবনে উমর থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে বলতে শুনেছি : নিশ্চই আল্লাহ তা'আলা জামা'আতে সালাত আদায় করাতে মুগ্ধ হন। (আহমাদ)

১৪। জামা'আতে সালাত আদায়ের ছাওয়াব লিখা এবং আসমানে উঠানোর ব্যাপারে ফেরেশতাগণ বির্তক করেন :—

عن ابن عباس ﷺ قال قال: رسول الله ﷺ :أتاني الليلة ربي تبارك وتعالى في أحسن صورة قال : أحسبه في المنام فقال يا محمد هل تدري فيم يختصم الملأ الأعلى ؟ قلت لا، قال: فوضع يده بين كتفي حتى وجدت بردها بين ثدي أو قال: في نحري فعلمت ما في السموات وما في الأرض قال: محمد هل تدري فيم يختصم الملأ الأعلى؟ قلت نعم في الكفارات والكفارات : المكث في المساجد بعد الصلوات والمشي على الأقدام إلى الجماعات وإسباغ الوضوء على المكاره ومن فعل ذلك عاش بخير ومات بخير وكان من خطيئة كيوم ولدته أمه – رواه الترمذي وصححه الألباني : 3157

ইবনে আব্বাস থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : একরাতে আল্লাহ তা'আলা এক জ্যোর্তিময় অবস্থায় আমার নিকট এলেন । তিনি বলেন, সম্ভবতঃ তা নিদ্রায় হবে। এসে বললেন : হে মুহাম্মদ ! ঊর্ধ্বজগতে কি নিয়ে বিতর্ক হয় তুমি জান ? আমি বললাম না। তিনি বলেন : অতঃপর তিনি আমার হাত ধরলেন, আমি তার শীতলতা আমার বুকে অনুভব করলাম। (অথবা বললেন আমার গলায়) তখন বুঝতে পারলাম আসমান যমীনের মাঝে কি হচ্ছে ? তিনি বললেন : হে মুহাম্মদ ! তুমি জান উপর আসমানে কি নিয়ে বিতর্ক হচ্ছে ? আমি বললাম : হ্যাঁ, কাফফারা সম্পর্কে। কাফফারা হল সালাতের পর মসজিদে অবস্থান করা। পায়ে হেঁটে জামা'আতের জন্য গমন করা, কষ্টের সময়েও পুরোপুরি অযু করা। যে ব্যক্তি এটা করবে সে কল্যাণময় জীবন যাপন করবে এবং তার মৃত্যু মঙ্গলময় হবে । তার গুনাহগুলো মিটে এমন হবে যেন সে তার মায়ের উদর থেকে আজই জন্মগ্রহণ করল। (তিরমিযী : ৩১৫৭)

১৫। এটা মানুষকে ভাল কাজের প্রতিযোগিতায় অভ্যস্ত করে এবং নফলের প্রতি উৎসাহিত করে :—

عن أبي هريرة ﷺ أن رسول الله ﷺ قال: لو يعلم الناس ما في النداء والصف الأول ثم لم يجدوا إلا أن يستهموا عليه لا ستهموا ولو يعلمون ما في التهجير لا ستهموا إليه ولو يعلمون ما في العتمة والصبح لآتوهما ولو حبوا (متفق عليه:580(

আবু হুরাইরা রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : যদি লোকেরা জানত আযান এবং প্রথম কাতারে দাঁড়ানোর মধ্যে কি আছে, আর লটারীর মাধ্যম ছাড়া তা অর্জন করার অন্য কোন পথ না থাকত, তাহলে তারা অবশ্যই লটারী করত। যদি তারা জানত গরমের সময় ভর দুপুরে মসজিদে যাওয়ার কি ফযীলত, তাহলে অবশ্যই তার জন্যে প্রতিযোগিতা করত। যদি তারা এশা ও ফজরের সালাতের মধ্যে কি মর্যাদা আছে জানতে পারত, তাহলে হামাগুড়ি দিয়ে হলেও এ দু'টি সময়ের সালাতে শামিল হত। (বুখারী ও মুসলিম: ৫৮০)

অনুরূপভাবে সালাতের সাথে সালাত আদায় ব্যক্তিকে নফল সালাত আদায়েও অভ্যস্ত করে তুলে। যে ব্যক্তি সালাত কায়েমের পূর্বে মসজিদে আসে, সে তাহিয়্যাতুল মসজিদ আদায়ের সুযোগ পায়, সুন্নাত পড়ার সুযোগ পায়, কুরআন তিলাওয়াত, দু'আ ইসতিগফার ইত্যাদির সুযোগ পায়। আর কিছু না করলেও অন্তত সালাতের অপেক্ষায় চুপ করে বসে থাকতে পারে। আর এ সময় ফেরেশতাগণ তার জন্য এই বলে দু'আ করতে থাকে যে, হে আল্লাহ ! তুমি তাকে ক্ষমা কর, তার প্রতি রহম কর। আবূ হুরায়রাহ রা. থেকে বর্ণিত একিট হাদীসে এসেছে, তিনি বলেন —

أن رسول الله ﷺ قال: أحدكم ما قعد ينتظر الصلاة في صلاة ما لم يحدث تدعو له الملائكة اللهم اغفر له اللهم ارحمه .رواه مسلم:1063

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : তোমাদের কোন ব্যক্তি যখন সালাতের জন্য নিজের মসল্লায় অপেক্ষা করতে থাকে, তখন ফেরেশতাগণ তার জন্য দু'আ করতে থাকে যতক্ষণ তার অযু ভঙ্গ না হয়। ফেরেশতাগণ বলতে _

আল্লাহ ! তুমি একে ক্ষমা কর, হে আল্লাহ ! তুমি এর উপর রহম কর। (মুসলিম : ১০৬৩)

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?৫২৪৩

রাসূল সাল্লাল্লাহু আলাইহি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর দরূদ পড়ার লাভ ও উপকারিতা

Amer ibn Abdullah

Member

১০-১৭-২০১৬

আমরা যারা মুসলিম, আমরা যারা উম্মাতে মুহাম্মাদি, আমরা যারা হাদিস অধ্যয়ন করি, পড়ি বা লিখি তারা, অবশ্যই নবীকুল শিরোমণি, মুত্তাকীদের ইমাম, মুজাহিদীনদের ইমাম, সারা জাহানের জন্য রহমত, পাপীদের জন্য আল্লাহর অনুমতিক্রমে শাফা'আতকারী এবং সত্য পথের প্রদর্শক মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মুবারক নাম মুখ দিয়ে বার বার উচ্চারণ করে থাকি। সত্যবাদী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের এক সাথী উবাই ইবনু কা'ব রাদিয়াল্লাহু আনহুকে কতই না সত্য কথা বলেছেন যে, হে কা'ব! যদি তুমি তোমার সম্পূর্ণ সময় আমার উপর দরূদ পড়ার জন্য ব্যয় করে দাও তাহলে তোমার দুনিয়া ও আখিরাতের দুশ্চিন্তা ও দুঃখের জন্য তা যথেষ্ট হবে।(তিরমিযী: ২৪৫৭)

আল্লাহ তা'আলা কুরআনুল কারীমে স্বীয় কালাম সম্পর্কে বলেন,

﴿قُلۡ هُوَ لِلَّذِينَ ءَامَنُواْ هُدٗى وَشِفَآءٞۖ ٤٤﴾ [فصلت: ٤٤]

"হে মুহাম্মদ! আপনি বলে দিন। ঈমানদারদের জন্য এই কুরআন হিদায়েত ও শিফা"।(সূরা ফুসসিলাত, আয়াত: ৪৪)

